



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

ফোন : ৯৫৬০৫৭৮, ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

প্রথম বারের মত ‘রিহ্যাব ফেয়ার’-এ বিএইচবিএফসি



২১ ডিসেম্বর ২০১৭ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর আয়োজনে ৫ দিনব্যাপী ‘রিহ্যাব ফেয়ার-২০১৭’ এর শুভ উদ্বোধন করেন বানিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ, এমপি। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ ও জ্বালানী প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি। এতে সভাপতিত্ব করেন রিহ্যাবের ভারপ্রাপ্ত সভাপতি নুরুন নবী চৌধুরী (শাওন), এমপি। এ সময় আরও উপস্থিত ছিলেন বিএইচবিএফসি’র ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী, জনাব লিয়াকত আলী ভূইয়া, সহ-সভাপতি-১, রিহ্যাব।

প্রধান অতিথি ও বিশেষ অতিথি তাদের বক্তব্যে আবাসন খাতকে গতিশীল করতে বিএইচবিএফসি’কে ৫ হাজার কোটি টাকা তহবিল সহায়তা প্রদানের জন্য সরকারের প্রতি অনুরোধ জানান। এছাড়া ঝণের সুদ হার হ্রাস, দীর্ঘ মেয়াদী ঝণ প্রদান, রেজিস্ট্রেশন খরচ কমানোর জন্যও তারা সুপারিশ করেন। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন প্রথম বারের মত রিহ্যাব ফেয়ারে অন্যতম কো-স্পন্সর হিসেবে অংশগ্রহণ করছে। মেলা চলাকালীন বিএইচবিএফসি’র “ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঝণ” আবেদনের ক্ষেত্রে আবেদন ফি’র উপর ৫০% ছাড় প্রদান করা হচ্ছে। পছন্দের সেবা গ্রহণে বিএইচবিএফসি’র স্টল নম্বর-সিএস-২৪ ভিজিট করার জন্য সবাইকে সাদর আমন্ত্রণ।